



বাংলাদেশ গ্যাস ফিল্মস্ কোম্পানী লিমিটেড  
(পেট্রোবাংলার একটি কোম্পানী)  
সাধারণ প্রশাসন শাখা



বিষয়ঃ বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২০) সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আমীর ফয়সাল মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল
সভার তারিখ	১৬.০৩.২০২০
সভার সময়	সকাল-১১.০০ ঘটিকা
স্থান	মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল।
উপস্থিতি	কমিটির সদস্যবৃন্দ (সংযুক্তি অনুযায়ী)

১৬.০৩.২০২০ তারিখে কোম্পানির নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২০) সভা কোম্পানির মিটিং রুমে কমিটির সভাপতি, জনাব মোঃ আমীর ফয়সাল, মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

## ১.০ আলোচনা

১.১। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০ এর ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২০)-এর অধিকাংশ লক্ষ্যমাত্রা পূরণ করা হয়েছে এবং কতিপয় কার্যক্রম বাস্তবায়নামূলক রয়েছে। এ পর্যায়ে সদস্য-সচিব কর্ম-পরিকল্পনা অনুযায়ী বাখরাবাদ ফিল্ডের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন ও বাখরাবাদ ফিল্ড পরিদর্শনের বিষয় সভায় উপস্থাপন করেন। উপস্থিত সকলেই করোনা ভাইরাসের বিষয়টি বিবেচনায় রেখে (কোন ধরনের স্বাস্থ্য ঝুঁকির উদ্ভব না হওয়া সাপেক্ষে) বাখরাবাদ ফিল্ডের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন ও বাখরাবাদ ফিল্ড পরিদর্শনের কার্যক্রম প্রসঙ্গে আলোচনা করেন।

১.২। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, কর্ম-পরিকল্পনা অনুযায়ী ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২০)-এ প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে, যা এখনও বাস্তবায়ন করা সম্ভব হয়নি। বিষয়টি নিয়ে সভায় বিশদ আলোচনা ও পর্যালোচনা করা হয় এবং সভা এ সিদ্ধান্তে উপনীত হয় যে, করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধকল্পে গণজমায়েত পরিহার করার লক্ষ্যে প্রাতিষ্ঠানিক গণশুনানীর কার্যক্রম স্থগিত করা যেতে পারে।

১.৩। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী দুর্নীতি বিরোধী লিফলেট বিতরণ কার্যক্রমের বিষয়ে উল্লেখ করা হয় এবং কমিটির সদস্য-সচিব দুর্নীতি বিরোধী বক্তব্য ও স্লোগান সম্বলিত লিফলেটের একটি ড্রাফট কপি উপস্থাপন করেন। দুর্নীতি বিরোধী লিফলেটের বিষয়ে সভায় সার্বিক পর্যালোচনা করা হয় এবং লিফলেটের বক্তব্য ও স্লোগান সিলেক্ট করা হয়।

## ২.০ সিদ্ধান্ত:

২.১। করোনাভাইরাসের সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব প্রতিরোধকল্পে এবং কোম্পানির কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য ঝুঁকি-বিবেচনায় বাখরাবাদ ফিল্ডের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন ও বাখরাবাদ ফিল্ড পরিদর্শন কার্যক্রম স্থগিত।

২.২। করোনাভাইরাসের সংক্রমণ প্রতিরোধকল্পে গণজমায়েত পরিহার করার লক্ষ্যে প্রাতিষ্ঠানিক গণশুনানীর কার্যক্রম স্থগিত।

২.৩। করোনাভাইরাসের সংক্রমণের ঝুঁকি বিবেচনায় দুর্নীতি বিরোধী লিফলেট ছাপানো ও বিতরণ কার্যক্রম স্থগিত।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও  
সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩২.৩৩.০০১.২০.১৭৯

তারিখ: ১১ চৈত্র ১৪২৬

২৫ মার্চ ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক, সংস্থাপন বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
- ৩) ব্যবস্থাপক (আইডব্লিউটি)-(ওয়েবসাইটে প্রকাশের জন্য)



মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও  
সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল